গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নথি নংঃ মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/

তারিখঃ ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

রাজস্ব সভার কার্যবিবরণী

সভা	:	ডিসেম্বর/২০২৫ মাসের মাসিক রাজস্ব সভা
তারিখ	:	২৭ জানুয়ারি, ২০২৬ খ্রি. মঙ্গলবার
স্থান	:	সম্মেলন কক্ষ-সম্প্রীতি, কর অঞ্চল-৩, চট্টগ্রাম
অংশগ্রহণকারী	:	কর অঞ্চল-৩, চট্টগ্রামের সকল কর্মকর্তা ও কর পরিদর্শকবৃন্দ
সভাপতি	:	জনাব মোঃ মঞ্জুর আলম কর কমিশনার কর অঞ্চল-৩, চট্টগ্রাম

কর অঞ্চল-৩, চট্টগ্রামের সম্মানিত কর কমিশনার মোঃ মঞ্জুর আলম এর সভাপতিত্বে এ কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার, যুগ্ম কর কমিশনার, উপ কর কমিশনার, সহকারী কর কমিশনার, অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শকবৃন্দের উপস্থিতিতে বেলা ১১.০০ ঘটিকায় মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপ কর কমিশনার, সদর দপ্তর প্রশাসন, সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সভায় সম্মানিত কর কমিশনার সার্কেল কর্মকর্তা এবং কর পরিদর্শকদের সাথে সভার অলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং রাজস্ব আদায়ের কর্মপরিকল্পনা বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় পরিদর্শী রেঞ্জ কর্মকর্তা, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ	দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	**লক্ষ্যমাত্রা ও আদায় কার্যক্রম সংক্রান্তঃ** ক. ২০২৫-২০২৬ অর্থবছরের ডিসেম্বর'২৫ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ১৬৩৮ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ১৪০৫.৫২ কোটি টাকা। বিগত অর্থ বছরে এ সময়ে আদায় ছিলো ১২৪০.৪৩ কোটি টাকা। লক্ষ্যমাত্রা আদায়ে প্রবৃদ্ধির হার ১৩.৩১%। খ. ২০২৫-২০২৬ অর্থবছরে এ কর অঞ্চলে বাজেট লক্ষ্যমাত্রা ছিল ৩৫০০ কোটি টাকা। জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০২৭.০৮.০০৪.২৪(অংশ-৫)/১১৮, তারিখ-০৬/০১/২০২৬খ্রি. এর মাধ্যমে আরও ১৪৪০ কোটি টাকা বাড়িয়ে ৪৯৪০ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে সিএন্ডএফ এজেন্ট কমিশন হতে উৎস কর কর্তনের অধিক্ষেত্র এ কর অঞ্চল হতে অন্য কর অঞ্চলে বদলীর জন্য জাতীয় রাজস্ব বোর্ডে এ সংক্রান্ত কমিটি খসড়া প্রস্তাব প্রস্তুত করেছে- যা এ কর অঞ্চলের রাজস্ব আদায়ে প্রভাব ফেলবে। সুতরাং নির্ধারিত বাজেট লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। গ. রাজস্ব লক্ষ্যমাত্রা আদায়ে মাস ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক কর আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে এবং এ ক্ষেত্রে সকল কর্মকর্তা ও কর্মচারীর সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।	সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক
২.	**বকেয়া করের পরিস্থিতি ও আদায় সংক্রান্তঃ** ক. বকেয়া আয়করের হালনাগাদ তালিকা অনুযায়ী প্রত্যেক কোম্পানী/ফার্মকে ই-মেইলের মাধ্যমে এবং স্বাভাবিক ব্যক্তি করদাতার ক্ষেত্রে ই-মেইল/এসএমএস এর মাধ্যমে বকেয়া পরিশোধের তাগাদা দিতে হবে। খ. বকেয়া আয়কর আদায় সন্তোষজনক নয়। পরিদর্শী রেঞ্জ কর্মকর্তাগণ ইতোপূর্বে প্রদত্ত সার্কেল কর্মকর্তা থেকে অফিস সহকারী পর্যন্ত বন্টিত বকেয়া আয়করের নথির আদায় কার্যক্রম মনিটরিং করবেন এবং বকেয়া আয়কর আদায়ের বিষয়ে পর্যাপ্ত আইনানুগ পদক্ষেপ গ্রহণ করবেন। গ. বকেয়া আদায়ের ব্যাপারে সার্কেল কর্মকর্তা থেকে অফিস সহকারী পর্যন্ত সকলকেই করদাতাদের সাথে যোগাযোগের বিষয়টি (যেমন-তারিখ ও সময়, বকেয়ার পরিমাণ, আদায়, করদাতার প্রতিক্রিয়া ইত্যাদি) লেজার শীটে এন্ট্রি রাখতে হবে।। ঘ. কোম্পানীর ব্যাংক জব্দের ক্ষেত্রে যে ব্যাংক থেকে স্টাফদের বেতন হয় সে ব্যাংক হিসাব জব্দ করা যাবে না।	সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক

	ঙ. সরকারি ও স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠান থেকে অবিতর্কিত বকেয়া আয়কর আদায়ের ক্ষেত্রে বার বার যোগাযোগ করতে হবে। প্রতিষ্ঠানের ব্যাংক জব্দ করা যাবে না। চ. ব্যাংক হিসাব তল্লাশি এবং জব্দকরণের নমুনা সব সার্কেল একই ফরম্যাট অনুসরণ করবে।	
৩.	**IIC এর কার্যক্রম সংক্রান্ত:** ক. প্রত্যেক মাসের ৩য় সোমবার Intelligence & Investigation টিমসমূহের সভা সংশ্লিষ্ট রেঞ্জ আয়োজন করবে। খ. অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর পর IIC এর অন্তর্ভুক্ত মামলায় ২০০ ধারায় ব্যাংক তল্লাশি, রিহ্যাবে পত্র প্রেরণ, শেয়ার মার্কেট, সিডিএ ও সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করে তথ্য সংগ্রহ করতে হবে। প্রাপ্ত তথ্যের আলোকে করদাতা অথবা তাঁর প্রতিনিধিকে তলব করতে হবে এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সম্ভাব্য প্রদেয় আয়কর আদায়ের তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ১ মাসের মধ্যে ২১২ ধারার কার্যক্রম গ্রহণ করতে হবে। গ. যে সকল নথিসমূহ IIC এর অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ২১২ ধারার কার্যক্রম গ্রহণ করা হয়েছে সেসব মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে। IIC এর অন্তর্ভুক্ত মামলা থেকে অবশ্যই রাজস্ব আদায় করতে হবে। ঘ. পরবর্তী রাজস্ব সভায় IIC এর অন্তর্ভুক্ত নথিসমূহের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।	সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা
৪.	**বিবিধ:** ক. বিআরটিএ ও সঞ্চয় অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে গৃহীত কার্যক্রম ও সৃষ্ট দাবী আদায় তদারকির জন্য পরিদর্শী রেঞ্জ কর্মকর্তাগণকে নির্দেশ দেওয়া হলো। খ. ওয়েভার আবেদনের প্রেক্ষিতে যথাসময়ে মতামত চেয়ে সার্কেলে পত্র প্রেরণ এবং এ বিষয়ে মতামত যথাসময়ে কর কমিশনার কার্যালয়ে প্রেরণ করতে হবে। গ. কোন মামলা তামাদি হয়েছে কিনা তা রেজিস্টার দেখে নিশ্চিত হওয়ার নির্দেশ প্রদান করেন। ঘ. কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত অফিস আদেশ যথাযথভাবে পরিপালন বা অনুসরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।	সকল পরিদর্শী রেঞ্জ, উপকর কমিশনার সদর দপ্তর টেকনিক্যাল ও সকল সার্কেল কর্মকর্তা

কর কমিশনার মহোদয়ের নির্দেশনা ও সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তার পরামর্শক্রমে কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে বকেয়া আয়কর আদায়, কর মামলা নিষ্পত্তি, উৎসে কর কর্তন মনিটরিংসহ অন্যান্য সকল কাজে কর্মোদ্যম বাড়ানোর নির্দেশনা প্রদান করেন।

বিগত ১৮/১২/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত রাজস্ব সভার নির্দেশনা মোতাবেক সকল সার্কেল কর্মকর্তা বকেয়া আয়করের হালনাগাদ তথ্য প্রেরণ করায় সার্কেল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তার সুস্বাস্থ্য কামনা করে ও সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত :-

(মোঃ মঞ্জুর আলম)
কর কমিশনার (চলতি দায়িত্ব)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নংঃ মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/২০০৫(১-৪)

তারিখঃ ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, শের-ই বাংলা নগর, ঢাকা।.....সদয় জ্ঞাতার্থে।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৩। উপ/সহঃ/অতিঃ সহঃ কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
.... সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
৪। অফিস কপি।

০৩.০২.২০২৬

(শাহীন আক্তার)
সহকারী কর কমিশনার
সদর দপ্তর: (লিগ্যাল)
কর অঞ্চল-৩, চট্টগ্রাম